আজকের কাগজ

তারিখ 10 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# যথা সময়ে পরীক্ষার ফল

পরীক্ষার বিলম্বিত ফল প্রকাশ কেবল শিক্ষারই নয়, সমাজেরও একটি বড় সমস্যা হয়ে উঠেছে। সেশনজটের একটি বড় কারণও দেরিতে পরীক্ষার ফল প্রকাশ। ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দিয়েই ফলের জন্য গভীর আগ্রহে অপেক্ষা করে। তাদের কেউ কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে, কেউ দেবে চাকরির দরখাস্ত। তাই নির্ধারিত সময়ে ফল প্রকাশে স্বার্থ পরীক্ষার্থী, তাদের অভিভাবক, স্কুল-কলেজ এবং দেশের শিক্ষা ব্যবস্থা সবারই। কিন্তু এই স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে অনেক দিন থেকেই। মাঝে তো কোন কোন পরীক্ষার ফল প্রকাশে দীর্ঘকাল লেগে যেত, এমনকি বছরও কেটে যেত। বর্তমানে অবস্থার অনেকখানি উন্নতি হয়েছে। ফল প্রকাশে দীর্ঘসূত্রতা কমে এসেছে। অন্তত এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল প্রকাশে আগের মত অসহনীয় বিলম্ব আর ঘটছে না। তবু বিভিন্ন ভর্তি পরীক্ষা, ডিগ্রী-ডিপ্লোমার পরীক্ষা এবং চাকরির পরীক্ষার ফল নির্ধারিত সময়ে প্রকাশ হচ্ছে না। আর সেজন্য সংশ্লিষ্ট বহুজন বিড়ম্বিত ও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

নির্ধারিত সময়ে এমনকি তারও আগে ফল প্রকাশ করা যে সম্ভব, এর কিছু কিছু দৃষ্টান্ত স্থাপিত হচ্ছে। এসএসসি-এইচএসসি পরীক্ষা অনুষ্ঠান ও ফল প্রকাশ অনেকখানি স্বাভাবিক হয়ে আসছে। আরেকটি সুখবর পাওয়া গেল পত্রিকান্তরে প্রকাশিত একটি রিপোর্টে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের ১৯৯৩-৯৪ সেশনের প্রথম পর্ব মাস্টার্স শ্রেণীর ভর্তি পরীক্ষার ফল মাত্র একদিন পর প্রকাশিত হয়েছে। ৪৫টি আসনে ভর্তির জন্য তিনশরও বেশী ছাত্র-ছাত্রী পরীক্ষা দিয়েছিল। এই পরীক্ষার ফল প্রকাশের পর ভর্তিও শুরু হয়ে গেছে। এটা নিঃসন্দেহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের একটি প্রশংসনীয় কৃতিত্ব। সংশ্লিষ্ট সবাই আন্তরিকতা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করলে সব পরীক্ষারই ফল যে সম্ভাব্য দ্রুততার সঙ্গে প্রকাশ করা যায়, এটি তারও একটি বড় প্রমাণ।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভর্তি, স্বাভাবিক অধ্যয়ন-অধ্যাপনা, পরীক্ষা অনুষ্ঠান ও ফল প্রকাশ ছাত্র-ছাত্রীর স্বার্থ এবং দেশের শিক্ষার কল্যাণে একান্ত জরুরী। সংশ্লিষ্ট সবাই দায়িত্ব সচেতন ও সচেষ্ট হলে এই লক্ষ্য অর্জন শুধু সম্ভবপরই নয়, সহজও। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ এর দৃষ্টান্ত স্থাপন করেছে। শিক্ষা প্রতিষ্ঠান ও পরীক্ষা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিশেষ করে পরীক্ষকগণকে এই দৃষ্টান্ত অনুসরণ করতে বলব আমরা। দেশের বৃহত্তর স্বার্থেই সব পরীক্ষার ফল যথাসময়ে প্রকাশ নিশ্চিত করতে হবে।